

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৩৪

আগরতলা, ১৭ আগস্ট, ২০২৪

নালীছড়ার একলব্য মডেল
রেসিডেন্সিয়াল বিদ্যালয়ে স্বাস্থ্য শিবির

আমবাসা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে উত্তর নালীছড়া আয়ুস্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত একলব্য মডেল রেসিডেন্সিয়াল বিদ্যালয়ে গতকাল স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ৯৪ জন ছাত্রছাত্রীর স্বাস্থ্য পরীক্ষা করা হয়। শিবিরে বয়ঃসন্ধিকালের সমস্যাজনিত রোগ, রক্তাল্পতা রোগ প্রতিরোধ, ডায়ারিয়া বিষয়ে সচেতনতামূলক আলোচনা করা হয়। শিবিরে ছাত্রছাত্রীদের বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়। স্বাস্থ্যকর্মী, আশাকর্মী, বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকারা এই শিবিরে উপস্থিত ছিলেন। ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
